Jaishtha 29, 1425 Bangla, June 12, 2018 Tuesday, No. 163 48th year

H I G H L I G H T S

'Country doesn't turn into a developed one if govt. does not have continuity' says PM Sheikh Hasina-adds, Country will fall into abyss if anti-liberation forces assume into power.
(R. Today: 7)

Sheikh Hasina has reiterated her request for deportation of Bangabandhu's convicted killers Noor Chowdhury in a bilateral meeting with her Canadian counterpart Justine Trudeau. (R. Today: 7)

AL GS rejects BNP's demand of Khaleda Zia's release as a pre condition for participating election saying it's a daydream as only the court has jurisdiction to take the decision. (R. Today: 9)

HC has directed Cumilla special tribunal to dispose a bail petition as soon as possible filed by BNP Chairperson Khaleda Zia in a case filed in Cumilla over February 3, 2015 arson attack.
(R. Tehran: 6,R. Today: 7)

Education Minister urges teachers not to go for any movement as govt. will bring non-MPO schools under MPO system after scrutiny. (R. Today: 8)

IG prisons informs, "Jail code does not allow authority to treat Khaleda Zia at a private hospital expending govt.'s money-adds, She will be taken to BSMMU today on her consent.'
(R. Tehran: 6,R. Today: 8)

Chattagram District administration has evicted 490 families living in different hills amid fears of landslides due to downpour. (R. Today: 8)

A local leader of Communist Party of Bangladesh, Writer & Publisher, Shahjahan Bachchu, is shot to death by unidentified criminals in Sirajdikhan upazila of Munshiganj. (BBC:4)

US President Donald Trump & North Korean leader Kim Jong Un have started their talks in a landmark summit in Singapore. (BBC:11)

জ্যৈষ্ঠ ২৯, ১৪২৫ বাংলা, জুন ১২, ২০১৮ মঙ্গলবার, নং-১৬৩, ৪৮ বছর

শিরোনাম

সরকারের ধারাবাহিকতা না থাকলে উন্নয়ন হয় না উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, স্বাধীনতা বিরোধী ও খুনীরা ক্ষমতায় ফিরলে দেশ রসাতলে যাবে। (রেডিও টুডে:৭)

কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সাথে দ্বিপাক্ষিক বৈঠকে বঙ্গবন্ধুর খুনি নূর চৌধুরীকে ফিরিয়ে দিতে কানাডা সরকারের প্রতি আবারও শেখ হাসিনার আহ্বান । (রেডিও টুডে:৭)

নির্বাচনে অংশ নেয়ার শর্ত হিসাবে খালেদা জিয়ার মুক্তির যে দাবি বিএনপি তুলেছে তাকে মামা বাড়ির আবদার বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। (রেডিও টুডে:৯)

বিশেষ ক্ষমতা আইনে কুমিল্লার চৌদ্দগ্রামে বাসে পেট্রোল বোমার ঘটনায় দায়ের করা মামলায় বেগম খালেদা জিয়ার জামিন আবেদন দ্রুত নিষ্পত্তির জন্য বিচারিক আদালতকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। (রেডিও টুডে:৭)

শিক্ষামন্ত্রী বলেছেন, নন-এমপিওভুক্ত বিদ্যালয়গুলো থেকে যাচাই-বাছাইয়ের মাধ্যমে এমপিও করা হবে। এজন্য বিদ্যালয়ের শিক্ষকদের কোন রকম আন্দোলনে না গিয়ে ধৈর্য্য ধরার আহ্বান জানান তিনি। (রেডিও টুডে:৮)

আইজি প্রিজন জানিয়েছেন, খালেদা জিয়া রাজি থাকলে আজ তাকে বিএসএমএমইউ'তে চিকিৎসার জন্য নেয়া হবে বলে-তবে,কারাবিধি অনুযায়ী সরকারি অর্থ খরচ করে তাকে বেসরকারি হাসপাতালে চিকিৎসা দেয়া সম্ভব নয়। (রেডিও টুডে:৮;রেডিও তেহরান:৬)

ভারি বর্ষণে ভূমি ধসের আশঙ্কায় চট্টগ্রামে পাহাড়ে ঝুঁকিপূর্ণভাবে বসবাসকারী ৪৯০টি পরিবারকে অন্যত্র সরিয়ে নিয়েছে জেলা প্রশাসন। (রেডিও টুডে:৮)

মুন্সিগঞ্জ জেলার সিরাজদি খান উপজেলায় একজন সাবেক কমিউনিস্ট নেতা, লেখক এবং প্রকাশক শাহজাহান বাচ্চুকে দুর্বৃত্তরা গুলি করে হত্যা করেছে। (বিবিসি:৪)

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং উত্তর কোরিয়ার নেতা কিম জং উনের মধ্যকার ঐতিহাসিক বৈঠক আজ সিঙ্গাপুরে শুরু হয়েছে । (বিবিসি:১১)

বিবিসি

এশিয়া কাপ জয়ের পরে আজ দেশে ফিরেছেন নারী ক্রিকেট দল

এশিয়া কাপ জয়ের পর আজ দেশে ফিরেছে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল। দলটিকে সংবর্ধনা দিচ্ছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড। বাংলাদেশের ক্রিকেট ইতিহাসে প্রথম আন্তর্জাতিক শিরোপা নারী ক্রিকেটের এ দলটির হাত ধরেই এসেছে। এর আগে নারী ক্রিকেটারদের বেতন ও ম্যাচ ফি নিয়ে অভিযোগ উঠেছিল। যা কিনা আন্তর্জাতিক ক্রিকেট খেলা দেশগুলোর তুলনায় অনেক কম। তাই বাংলাদেশ ক্রিকেট বোর্ডের নারী দল নিয়ে কাজ করা এবং নারী দলের সাবেক ম্যানেজার নাসিমা নাহার পুতুলের কাছে জানতে চেয়েছিলাম এমন জয় এই বেতন বৈষাম্য দূর করার ক্ষেত্রে কেমন ভূমিকা রাখবে। এতো বড় একটা জয় হয়েছে বলেই তো বোর্ড তার প্লান অনুযায়ী আগাবে। এটাই বোর্ডের এখন প্রথম কাজ। আগে কিভাবে হয়েছে কি করেছে এখন ওসব না বলে প্লান অনুযায়ী মহিলা ক্রিকেটটাকে এগিয়ে নিতে হবে। এটা বোর্ডই পদক্ষেপ নিবে। নিলে আমাদের মেয়েরা উপকৃত হবে। আমাদের মেয়েদের বেতন বৈষম্য আছে সেটা দূর করতে হবে, প্রশিক্ষণের মধ্যে মেয়েদের রাখতে হবে। ক্যাম্পের ভিতরে মেয়েদের বেশি থাকতে হবে। বি গ্রুপটা তৈরী করতে হবে প্রচুর কাজ এখন। ধরে রাখার জন্য যা যা করণীয় বোর্ডের এখন সে সব করতে হবে।
(বিবিসি: ১৯:৩০ঘ.১১/০৬/১৮সাইফুর/আশরাফ)

আসন্ন বর্ষা মৌসুমে ভূমি ধস এবং বন্যার কবলে পড়ার ঝুঁকিতে আছে দুই লক্ষ রোহিঙ্গা

বাংলাদেশের টেকনাফে টানা তিনদিনের বৃষ্টিপাতে রোহিঙ্গাদের শরণার্থীর শিবিরে ভূমি ধসে ৫০০ এর মত লোক আহত এবং ৬০০ এর মত ঘরবাড়ি বিধস্ত হয়েছে। স্থানীয়রা বলছেন, পাহাড় কাটা এবং বৃষ্টির কারণে সেখানকার পরিস্থিতি এখন অনেক নাজুক। আর রেডক্রিসেন্ট বলছে, এসব শিবিরে অন্তত দুই লক্ষ রোহিঙ্গা এ বর্ষা মৌসুমে ভূমি ধসের ঝুঁকিতে আছে। তাদের নিরাপদ আশ্রয়ের জন্য কি করছে কর্তৃপক্ষ। ঢাকা থেকে ফারহানা পারভীনের এর প্রতিবেদন: টেকনাফের কুতুপালং রোহিঙ্গা ক্যাম্পের জি-ব্লক, জি-সেভেন ব্লক, বালুখালী ক্যাম্প, ট্যাংখালি এসব এলাকায় ভূমি ধসের ঘটনা ঘটেছে। বঙ্গোপসাগরে নিম্নচাপের কারণে গত তিনদিন ধরে ঝড়ো হাওয়া আর এক টানা প্রচণ্ড বৃষ্টিপাত হচ্ছে। দক্ষিণ-পূর্ব জেলা কক্সবাজারে। এই জেলার টেকনাফে বসবাস করছে সাত লক্ষেরও বেশি রোহিঙ্গা শরণার্থীরা। কুতুপালং ক্যাম্পে থাকা একজন রোহিঙ্গা মুসলিম বলছিলেন সেখানকার অবস্থা। তিনি বলছিলেন, যারা পাহাড়ের উপরে বা নিচে ঘর বেধেছিল তারা আহত হয়েছে। যারা পাহাড়ের নিচে বাসা বানিয়েছে তারা এখন বন্যার কবলে পড়ছে। বর্ষা মৌসুমে কয়েক লক্ষ মানুষ বিপজ্জনক অবস্থার মধ্যে পড়বে এ ধরনের আশঙ্কা প্রথম থেকেই করা হচ্ছিল। কারণ সেখানে বন কেটে উজাড় করা হয়েছে। একই সাথে অনেকে বাস করছেন টিলা বা পাহাড়ের উপরে আবার অনেকে বাস করছেন পাহাড়ের নিচে। অর্থাৎ ভূমি ধস এবং বন্যার দু'টি দুর্যোগের কবলে পড়ার আশঙ্কা রয়েছে তাদের। টেকনাফের স্থানীয় সাংবাদিক ওবায়দুল হক চৌধুরী বলছিলেন রোহিঙ্গাদের জন্য পর্যাপ্ত নিরাপদ স্থানের ব্যবস্থা না করার কারণেই ভূমি ধসে এ আহতের ঘটনা ঘটেছে। (স্বকণ্ঠে): পাহাড় কাটার কারণে এখানে পাহাড় ধসে প্রায় ৬০০ এর মত ঘর বিধস্ত হয়েছে। প্রায় ৫০০ এর মত লোক আহত হওয়ার খবর আমরা পেয়েছি। আসলে যে সংস্থা থেকে তারা বলছিল রোহিঙ্গাদেরকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেবে কিন্তু আদৌ তেমন কোন সরিয়ে নেয়ার কর্মতৎপরতা দেখা যাচ্ছে না। তারা শুধু পাহাড়গুলোই কাটে এখন পর্যন্ত রোহিঙ্গাদের তারা সেটেল করেনি। যে কারণে বারবার পাহাড়ে ধসের ঝুঁকির মধ্যে রয়েছে রোহিঙ্গারা। টেকনাফে শরণার্থীদের জন্য যে ক্যাম্পগুলো তৈরি করা হয়েছে সেগুলি অস্থায়ী, ত্রিপলের ছাউনি এবং বেড়া দিয়ে নির্মিত। রেডক্রিসেন্ট বলছে, এখন যেখানে ২ লক্ষ এর মত মানুষ ভূমি ধসের ঝুঁকিতে রয়েছে। বাংলাদেশের সরকারের আগে বলেছিল রোহিঙ্গাদের জন্য নোয়াখালীর ভাষাণচরে একটি প্রকল্প বাস্তবায়নের কাজ করছে তারা। বাংলাদেশ নৌবাহিনীর তত্ত্বাবধানে ভাষাণচরে সুনির্দিষ্ট মডেলে ঘরবাড়ি, সাইক্লোন শেল্টার নির্মাণ শুরু হয়েছে। প্রাথমিক পর্যায়ে এক লক্ষ রোহিঙ্গা ভাষাণচরে নেয়ার কথা জানানো হয়েছিল সে সময়। কিন্তু ঠিক কবে নাগাদ সেটা শুরু হবে সে ব্যাপারে আমি কথা বলেছিলাম কক্সবাজারের শরণার্থী, ত্রাণ ও পুনর্বাসন কমিশনার মোহাম্মদ আবুল কালামের সাথে (স্বকণ্ঠে): ভাষাণচরে তো এখনও কাজ চলছে এখানে।

বিবিসি: বর্ষা চলে এসেছে, টানা বৃষ্টিপাত হচ্ছে। ভূমি ধসের খবরও পাওয়া যাচ্ছে বিভিন্ন জায়গা থেকে। ফলে এখন এদেরকে নিয়ে কী পরিকল্পনা রয়েছে আপনাদের?

মি. কালাম: এখন তো নতুন করে আর কোন পরিকল্পনা নেই। আমাদের পরিকল্পনা তো আগেও নেয়া হয়েছে তাই না, বর্ষাকালকে সামনে রেখে আমরা তো পরিকল্পনা সেই জানুয়ারি-ফেব্রুয়ারি মাস থেকেই গ্রহণ করেছি। যারা খুব বিপজ্জনক অবস্থায় আছে, তাদেরকে লোকেট করা, সেই জায়গায় বেশ কিছু লোককে আমরা রিলোকেট করেছি। যে

সমস্ত জায়গা ঝুঁকিপূর্ণ ছিল কিন্তু ইন্টারভেনশন দিয়ে মিটিগেড করা সম্ভব সেখানে করা হয়েছে। তারপরে ড্রেন, খালবিল পরিষ্কার করা হয়েছে। নতুন ড্রেন নির্মাণ করা হয়েছে।

বিবিসি: সামনে তো একটা বড় সময় রয়েছে বর্ষাকাল। তো সেই সময়টাতে কি আপনারা যে পদক্ষেপগুলো নিয়েছেন সেগুলো দিয়ে কি সামলানো যাবে?

মি. কালাম: ইতোমধ্যেই আমরা যেসব প্রস্তুতি নিয়েছি এ সমস্ত কাজ করছি গত তিনমাস ধরে আমরা।

এদিকে, কক্সবাজারের আবহাওয়া অফিস বলছে, সমুদ্রে নিম্নচাপের কারণে তিন নম্বর সতর্কতা সংকেত রয়েছে। যার ফলে আগামী কয়েকদিন বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ফলে রোহিঙ্গা ক্যাম্পগুলোতে ভূমি ধস এবং বন্যার ঝুঁকি একদম উড়িয়ে দেয়া যাচ্ছে না। (বিবিসি: ১৯৩০ ঘ.১১/০৬/১৮রিহাব/আলি)

লেখক প্রকাশক শাহজাহান বাচ্চুকে গুলি করে হত্যা

বাংলাদেশের মুন্সিগঞ্জ জেলার পুলিশ জানিয়েছে, সোমবার বাংলাদেশের একজন সাবেক কমিউনিস্ট নেতা এবং লেখক এবং প্রকাশক শাহজাহান বাচ্চুকে হত্যা করা হয়েছে। পুলিশ জানিয়েছে, সিরাজদি খান উপজেলায় মি. বাচ্চুর গ্রামের বাড়ির কাছে একটি দোকানের সামনে তাকে গুলি করে হত্যা করা হয়। তার হত্যার কী কারণ এখন পর্যন্ত যা জানা গেছে মুন্সিগঞ্জের পুলিশ সুপার মোঃ জায়েদুল আলমের কাছে জানতে চেয়েছিলাম কিছু আগে।

মি. আলম: আমরা বিভিন্ন দিক খতিয়ে দেখছি যে, কেন তাকে হত্যা করা হল। উনার একটি প্রকাশনী ছিল যেটা উনি উনার মেয়েকে লিখে দিয়েছিল। উনার দু'টি স্ত্রী। উনি ঢাকায় থাকতেন আবার গ্রামের বাড়িতেও যেতেন। গ্রামের বাড়িটিও নাকি কিছুদিন আগে বিক্রি করেছেন। আমরা এরকম বিভিন্ন দিক খতিয়ে দেখছি।

বিবিসি: ওখানে ঘটনাটি আসলে কী ঘটেছিল?

মি. আলম: ঘটনাটি ঠিক ইফতারের ৫ মিনিট আগে। উনি সেখানে দাঁড়িয়েছিল। উনার কাছে দু'টি মোটরসাইকেল আছে এসে দু'টি ককটেলের বিস্ফোরণ ঘটায় এবং তাকে লক্ষ্য করে গুলি করে পালিয়ে যায়। ঘটনাটি ঘটেছে কয়েক সেকেন্ডের মধ্যে। উনি ঘটনাস্থলেই মারা যান।

বিবিসি: আপনারা কি হামলার কারণ সম্পর্কে কিছু জানতে পেরেছেন?

মি. আলম: আমরা ঘটনাটির কারণ উদঘাটনের চেষ্টা করছি।

বিবিসি: এটা জঙ্গি হামলা কি না এরকম কিছু সন্দেহ করছেন কি না?

মি. আলম: আমরা আসলে বলতে পারছি না কেন এই হত্যাকাণ্ডটি ঘটল, আমরা অনেকগুলো বিষয় নিয়ে কাজ করছি। জঙ্গি হামলা কি না সে বিষয়টিও খতিয়ে দেখছি।

বিবিসি: কাউকে কি আপনারা গ্রেফতার করতে পেরেছেন?

মি. আলম: এখন পর্যন্ত কাউকে গ্রেফতার করা হয়নি। আশপাশে ওখানে যারা ছিলেন তাদের আমরা জিজ্ঞাসাবাদ করছি।

বিবিসি: তার পরিবারের পক্ষ থেকে কি বলা হয়েছে,

মি. আলম: তার পরিবারের পক্ষ থেকে তারা কিছু বলতে পারছে না। তারা বলছে, উনার কোন শত্রু ছিল বলে তারা জানেন না। (বিবিসি: ০৭৩০ ঘ. ১২/০৬/১৮আছাদ/নারগীস)

বাংলাদেশে বর্তমানে প্রায় ৩৫ লাখ শিশু শিশুশ্রমে নিযুক্ত: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

বাংলাদেশের পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ জরিপ অনুযায়ী দেশে বর্তমানে প্রায় ৩৫ লাখ শিশু কোন না কোন শ্রমে আশ্রয় নিয়েছে। এর মধ্যে ঝুকিপূর্ণ কাজ করছে অন্তত ১৩ লাখ শিশু। এর আগে সরকার অঙ্গীকার করেছিল ২০২১ সালের মধ্যে শিশুদের এসব ঝুঁকিপূর্ণ কাজ থেকে সরিয়ে আনা হবে। যদিও শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় দক্ষতা বৃদ্ধি, প্রশিক্ষণের জন্য বরাদ্দ বাড়িয়েছে কিন্তু বরাদ্দ বাড়লেই কি শিশু শ্রমের চিত্র বদলাবে। সহকর্মী সানজানা চৌধুরী জানতে চেয়েছিলেন বাংলাদেশ শিশু অধিকার ফোরামের পরিচালক আব্দুস শহীদ মহাসমুদ্রের সাথে।

মি. মাহমুদ: শিশুদের জন্য দুই ধরনের দুই ধরনের কাজ আছে। একটি হচ্ছে হালকা কাজ আরেকটি হচ্ছে ঝুঁকিপূর্ণ কাজ যেটা করলে শিশুদের শারীরিক ও মানসিকভাবে ক্ষতি হয়। এমনকি জীবনের ঝুঁকিও থাকতে পারে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ২০১৩ সালের জরিপের ফলাফল অনুযায়ী সাধারণ কাজের ক্ষেত্রে শিশুদের সংখ্যা প্রায় অর্ধেকে নেমে এসেছে যেটা ২০০৬ সালের জরিপের তুলনায়। আর ঝুঁকিপূর্ণ শিশুরা যে কাজ করে সেটা কমেনি বরং কিছুটা বেড়েছে। ঝুঁকিপুর্ণ শিশুদের ক্ষেত্রে অবস্থার তেমন একটি উন্নতি হয়নি।

বিবিসি: সেক্ষেত্রে আসলে করার কি আছে, দায়টা আসলে কাদের?

মি. মাহমুদ: আসলে এগুলো কমানো সরকারের একার পক্ষে আসলে সম্ভব নয়। এটাতে স্থানীয় সরকারকে ইনভলভ করতে হবে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বার যারা আছেন তারা তাদের স্থানীয় এলাকার শিশু শ্রম সম্পর্কে

জানে। আসলে আইন করে এটা কমানো সম্ভব নয়। এটা কমাতে হলে শিশুদের যে পরিবার আছে তাদের কিছু কর্মসূচির আওতায় আনতে হবে।

বিবিসি: যেসব শিশুরা ভাসমান তাদের ক্ষেত্রে আসলে কি করতে হবে?

মি. মাহমুদ: অনেকের কিন্তু বাবা-মা আছে, হয়ত বাবা মায়ের সাথে তার যোগাযোগ নাই। পরিবারের মা-বাবাকে খুঁজে তাদের এই কর্মসূচির আওতায় আনা প্রয়োজন।

বিবিসি: এক্ষেত্রে কী ধরনের পরিকল্পনা প্রণয়নের প্রয়োজন?

মি. মাহমুদ: যদি আমরা লং টার্ম ইফেক্ট দেখাতে চাই তাহলে একটি পারফেক্ট পরিকল্পনা প্রণয়ন করতে হবে। যারা শিশু শ্রম নিয়ে কাজ করে, যাদের ভাল সুনাম আছে তাদেরকে সম্পৃক্ত করে স্থানীয় সরকারকে সম্পৃক্ত করে এবং যেসমস্ত এনজিওদের রেকর্ড ভাল তাদের বাছাই করে তাদেরকে দায়িত্ব দিতে হবে।

বিবিসি: রাজধানীর বাইরেও ছোট ছোট শহরে শিশু শ্রম বন্ধের জন্য তাহলে কী করাটা জরুরি?

মি. মাহমুদ: শ্রমজীবী শিশুগুলো মূলত শহরগুলোতে বিশেষ করে বেশি সংখ্যায় দেখা যায় বড় শহরগুলোতে। প্রথমে চারটি বড় শহরে ৩-৫ বছরের জন্য প্রজেক্ট গ্রহণ করুক তারপর বাকি শহরগুলোতে পদক্ষেপ নেয়া যেতে পারে। বাস্তব পদক্ষেপ না নিলে এটা বাড়বে বৈ কমবে না। (বিবিসি: ০৭৩০ ঘ. ১২/০৬/১৮আছাদ/নারগীস)

রাত পোহালেই ট্রাম্প-কিমের ঐতিহাসিক বৈঠক শুরু হবে

মাত্র কয়েকদিন আগেও যেটা কল্পনার বাইরে ছিল সেটাই সম্ভাব্য হতে যাচ্ছে আজ রাত পোহালেই প্রেসিডেন্ট ট্রাম্প বৈঠক করতে যাচ্ছেন উত্তর কোরিয়ার নেতা কিম জং উনের সাথে। যুক্তরাষ্ট্রের সাথে এটাই হবে উত্তর কোরিয়ার শীর্ষ পর্যায়ের প্রথম বৈঠক। আলোচনা শুরু হওয়ার আগে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পিউ বলেছেন, প্রেসিডেন্ট ট্রাম্প একটি পূর্ণাঙ্গ এবং পরিষ্কার সমঝোতা করতেই আগ্রহী। আশাব্যাঞ্জক কথাবার্তা শুনা যাচ্ছে উত্তর কোরিয়ার দিক থেকেও।(বিবিসি:১৯:৩০ ঘ.১১/০৬/১৮সাইফুর/আশরাফ)

সুলতান সালাহউদ্দিনকে উঠিয়ে নিয়ে গেছে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা : রিজভি

বাংলাদেশের বিএনপি'র অঙ্গসংগঠন জাতীয়তাবাদী যুবদলের সাধারণ সম্পাদক সুলতান সালাহউদ্দিন আহমেদকে আইন-শৃঙ্খলা বাহিনী বাসা থেকে তুলে নিয়ে গেছে বলে অভিযোগ করেছেন দলটির নেতা রুহুল কবির রিজভি। সোমবার রাতে তাকে উত্তরার বাসা থেকে নিয়ে যাওয়া হয়, যদিও কারা তাকে নিয়েছে বা কী অভিযোগে ধরে নিয়ে গেছে তা জানা যায়নি। (বিবিসি: ৭:৩০ ঘ: ১২/০৬/১৮ আছাদ/কোহিনূর)

ডোনাল্ড ট্যাম্প ও কিম জং উনের মধ্যে বহুল প্রতিক্ষিত বৈঠক শুরু হয়েছে

কিছুক্ষণ আগে শুরু হয়েছে ডোনাল্ড ট্রাম্প এবং কিম জং উনের মধ্যকার ঐতিহাসিক বৈঠক। দু'জনই ইতিমধ্যে সিঙ্গাপুরের কাপেলা হোটেল পৌঁছে সেখানে শীর্ষ বৈঠকে বসেছেন এবং উর্ধ্বতন কর্মকর্তা ও উপদেষ্টাদের সাথে বৈঠক শুরু হওয়ার আগে এই শীর্ষ বৈঠকটি ৪৫ মিনিট থেকে ১ ঘণ্টা পর্যন্ত স্থায়ী হতে পারে বলে জানানো হয়েছে।
(বিবিসি: ৭:৩০ ঘ: ১২/০৬/১৮ আছাদ/কোহিনূর)

রেডিও জাপান

যুক্তরাষ্ট্র ও উত্তর কোরিয়ার দ্বিপাক্ষিক শীর্ষ বৈঠকের প্রস্তুতির জন্য আলোচনায় দুই দেশের কর্মকর্তারা

মার্কিন যুক্তরাষ্ট্র ও উত্তর কোরিয়ার কর্মকর্তারা আগামীকাল অনুষ্ঠিতব্য দ্বিপাক্ষিক শীর্ষ বৈঠকের চূড়ান্ত প্রস্তুতি গ্রহণের জন্য আলোচনায় মিলিত হয়েছেন। কোন ক্ষমতাসীন মার্কিন প্রেসিডেন্ট ও উত্তর কোরিয় নেতার মধ্যে এ যাবতকালের প্রথম বৈঠকটি অনুষ্ঠিত হবে সিঙ্গাপুরের পর্যটন দ্বীপ সেন্তোসার একটি হোটেলে। উচ্চপদস্থ কর্মকর্তাদের আজকের বৈঠকে ফিলিপিনে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত সব কিম যোগ দিয়েছিলেন। তিনি উত্তর কোরিয়ার সাথে প্রস্তুতি পর্বের আলোচনায় মার্কিন প্রতিনিধি দলকে নেতৃত্ব দিচ্ছেন। মার্কিন প্রতিনিধি দল উত্তর কোরিয় উপ-পররাষ্ট্রমন্ত্রী চে সন ই এবং অন্যান্য কর্মকর্তাদের সাথ বৈঠকে মিলিত হন। পারমানবিক নিরস্ত্রীকরণ ও অন্যান্য বিষয়ে তাদের মধ্যে আলোচনা হয়। সকালে দুই ঘণ্টার বৈঠক শেষে বিকেল বেলায় সদস্যদের আবার বৈঠক স্থলে প্রবেশ করতে দেখা যায়। ধারণা করা হচ্ছে যে সময় তাদের মধ্যে আরও আলোচনা হয়েছে। বিকেলে প্রকাশিত এক বিবৃতিতে বর্তমানে সিঙ্গাপুর সফররত মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও বলেন, বৈঠকে বিস্তারিত ও গঠনমূলক আলোচনা হয়েছে। তিনি উত্তর কোরিয়ার নেতা কিম জন উনের কাছে পারমানবিক নিরস্ত্রীকরণের দাবি পেশ করার মার্কিন নীতি অবস্থানের পুনঃউল্লেখ করেন। তিনি আরও বলেন, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মি. কিমের সাথে তার প্রথম শীর্ষ বৈঠকের জন্য সম্পূর্ণরূপে প্রস্তুত। উত্তর কোরিয়ার পারমানবিক নিরস্ত্রীকরণের লক্ষ্যে সুনির্দিষ্ট পরিকল্পনা প্রণয়নে মি. ট্রাম্প ও মি. কিম কতটা সফল হন শীর্ষ বৈঠকে সেটাই হবে মুখ্য বিষয়। দুই নেতা কোরিয় যুদ্ধের আনুষ্ঠানিক সমাপ্তির ব্যাপারে

অগ্রগতি অর্জন করতে পারেন কি না সেদিকেও দৃষ্টি থাকবে আন্তর্জাতিক সম্প্রদায়ের। এছাড়া, শীর্ষ বৈঠকের প্রাক্কালে মি. ট্রাম্প সাংবাদিকদের বলেছেন, বৈঠক আরম্ভ হওয়ার কয়েক মিনিটের মধ্যেই তিনি বুঝতে পেরে যাবেন আলোচনার প্রতি মি. কিম কতটা আন্তরিক।(রেডিও জাপান: ২১০০ঘ.১১/০৬/১৮এলিনা/নারগীস)

রেডিও তেরহান

খালেদা জিয়ার জামিন আবেদন নিষ্পত্তি করতে হাইকোর্টের দেয়া আদেশ বহাল করেছে আপিল বিভাগ

বাংলাদেশে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার জামিনের আবেদন দ্রুত নিষ্পত্তি করতে হাইকোর্টের দেয়া আদেশ বহাল করেছে সুপ্রিমকোর্ট আপিল বিভাগের চেম্বার আদালত। হাইকোর্টের ঐ আদেশে বিচারিক আদালতে খালেদা জিয়ার চলমান আবেদন নিষ্পত্তি করতে নির্দেশ দেয়া হয়েছিল। এ সম্পর্কে বিস্তারিত জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি আব্দুর রহমান খান:

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে ঢাকার মানহানির একটি মামলায় গ্রেফতার দেখাতে এবং এ মামলায় জামিনের আবেদন দ্রুত নিষ্পত্তি করতে ম্যাজিস্ট্রেট আদালতকে হাইকোর্টের দেয়া আদেশ বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগের চেম্বার আদালত। এর আগে হাইকোর্টের ঐ আদেশে বিচারিক আদালতে চলমান খালেদা জিয়ার আবেদন নিষ্পত্তি করতে নির্দেশ দিয়েছিলেন হাইকোর্ট। হাইকোর্টের সেই আদেশের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের লিভ টু আপিলের শুনানি নিয়ে আজ সোমবার চেম্বার বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী এ আদেশ দেন। একইসঙ্গে রাষ্ট্রপক্ষের লিভ টু আপিলের উপরে আগামী ২৫শে জুন আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানির দিন ধার্য করা হয়েছে। আদালতে রাষ্ট্রপক্ষের শুনানি করেন অ্যাটর্নি জেনারেল মাহবুববে আলম। অন্যদিকে, খালেদা জিয়ার পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট খন্দকার মাহবুব হোসেন। এ বিষয়ে খন্দকার মাহবুব হোসেন বলেছেন, আপিল বিভাগে রাষ্ট্রপক্ষের লিভ টু আপিল বিচারাধীন। এ কারণে ম্যাজিস্ট্রেট আদালত খালেদা জিয়ার জামিন আবেদন নিষ্পত্তিতে বিলম্ব করতে পারে। এ বিষয়টি আদালতের নজরে আনা হয়। চেম্বার আদালত তখন হাইকোর্টের আদেশ বহাল রাখার পাশাপাশি ম্যাজিস্ট্রেট আদালতকে খালেদা জিয়ার আবেদন দ্রুত নিষ্পত্তিরও আদেশ দিয়েছেন। তাছাড়া, বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে কুমিল্লায় দায়ের করা নাশকতার মামলা দ্রুত নিষ্পত্তি করতে নিম্ন আদালতকে নির্দেশ দিয়েছেন হাইকোর্টের অপর একটি বেঞ্চ। এর আগে রবিবার কুমিল্লার নাশকতার অভিযোগে দায়ের করা বিশেষ ক্ষমতা আইনের মামলায় বেগম খালেদা জিয়ার জামিন চেয়ে দায়ের করা আপিল আবেদনের শুনানি আজ সোমবার পর্যন্ত মুলতবি রেখেছিল হাইকোর্ট।(রেডিও তেহরান: ২০৩৫ঘ. ১১/০৬/১৮এলিনা/নারগীস)

বাংলাদেশ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিও ভুক্তির দাবিতে শিক্ষকদের কর্মসূচিতে পুলিশের বাধা

বাংলাদেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিও ভুক্তির দাবিতে নন এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা লাগাতার অবস্থান নিতে চাইলে আবারও বাধা দিয়েছে পুলিশ। আজ সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে তারা অবস্থান নেয়ার চেষ্টা করলে পুলিশ তাদের সরিয়ে দেয়। এরপর তারা প্রেসক্লাবের সামনে রাস্তার উত্তর পাশে বিচ্ছিন্নভাবে অবস্থান নেন। সেখানে কর্তব্যরত পুলিশ কর্মকর্তারা বলেছেন, অনুমতি না থাকায় তাদের বাধা দেওয়া হয়েছে। অনুমতি নিয়ে এলে কর্মসূচি করতে দেওয়া হবে। এছাড়া শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ শিক্ষকদের রমজান মাসে কষ্ট করে আন্দোলন না করতে অনুরোধ জানিয়েছেন। তিনি বলেছেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিও ভুক্ত করা হবে। এ বিষয় নিয়ে কাজও চলছে। তাই শিক্ষকদের আন্দোলনের প্রয়োজন নেই।
(রেডিও তেহরান:২০:৩৫ঘ.১১/০৬/১৮এলিনা/কোহিনূর)

সরকারি অর্থ দিয়ে খালেদা জিয়াকে বেসরকারি হাসপাতালে চিকিৎসা দেয়া সম্ভব নয়: আইজি প্রিজনস

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া রাজি থাকলে মঙ্গলবার তাকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসার জন্য নেয়া হবে বলে জানিয়েছেন আইজি প্রিজনস সৈয়দ ইফতেখারুদ্দীন। তবে, কারাবিধি অনুযায়ী সরকারি অর্থ খরচ করে তাকে বেসরকারি হাসপাতালে চিকিৎসা দেয়া সম্ভব নয় তিনি জানান। এ সম্পর্কে বিশিষ্টজনের প্রতিক্রিয়াসহ প্রতিবেদন পাঠিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি আব্দুর রহমান খান:

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী কারাবন্দী বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া রাজি থাকলে মঙ্গলবার তাকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে BSMMU হাসপাতালে নেওয়া হবে বলে জানিয়েছেন, আইজি প্রিজনস সৈয়দ ইফতেখারুদ্দীন। তবে কারাবিধি অনুযায়ী তাকে ইউনাইটেড হাসপাতালে নেওয়ার সুযোগ নেই বলেও সাফ জানিয়ে দিয়েছেন। আজ সোমবার দুপুরে এক সংবাদ সম্মেলনে আইজি প্রিজনস বলেছেন আমরা উনাকে আগামীকাল সকালে বিএসএমএমইউতে নিয়ে যাবো। সেখানে সব ব্যবস্থা তৈরী রাখতে বলেছি, তবে উনার রাজী হওয়ার একটা বিষয় আছে। আইজি প্রিজনস বলেন, জিও কোর্ড অনুযায়ী সরকারি অর্থ খরচ করে বেসরকারি হাসপাতালে চিকিৎসা

দেওয়ার সুযোগ নেই। তবে সরকার চাইলে বেসরকারি হাসপাতালে ভালো চিকিৎসার অনুমোদন দিতে পারে। এক্ষেত্রে চিকিৎসার ব্যয়ভার কে বহন করবে, কিভাবে করবে তা ফয়সালা করতে হবে বলেও তিনি জানান। উল্লেখ্য গত শনিবার কারাগারে বেগম খালেদা জিয়ার সাথে সাক্ষাৎ করে তার ব্যক্তিগত চারজন চিকিৎসক জানিয়েছেন গত ৫ই জুন দুপরে হাঁটতে হাঁটতে খালেদা জিয়া কারাগারে হঠাৎ মাথা ঘুরে পড়ে যান। ৫-৭ মিনিট পর তার জ্ঞান ফিরলেও ঐ সময়ের কথা কিছু মনে রাখতে পারছেন না। আমরা পরীক্ষা-নিরীক্ষা করে যতটুকু বুঝতে পেরেছি তার মাইল্ড স্ট্রোক হয়েছে। আগামীতে বড় ধরনের স্ট্রোক হওয়ার আশঙ্কা রয়েছে। এব্যাপারে আইজি প্রিজনস বলেছেন, উনি অজ্ঞান হননি, ইমব্যালেন্সড হয়েছেন। এ প্রসঙ্গে গণস্বাস্থ্য কেন্দ্রের পরিচালক ডা. জাফরুল্লাহ চৌধুরী রেডিও তেহরানকে বলেন সরকারের উচিৎ হবে তাকে আর কালক্ষেপণ না করে BSMMU বা ঢাকা মেডিকেল কলেজে এনে উনার পূর্ণ চিকিৎসার ব্যবস্থা করা এবং আশা করি তাদের সম্মতি হবে।

এর আগে বিশিষ্ট চিকিৎসক ও বিকল্পধারা বাংলাদেশের সভাপতি একিউএম বদরুদ্দোজা চৌধুরী বেগম খালেদা জিয়াকে সর্বোত্তম চিকিৎসার জন্য লন্ডন পাঠানোর আহ্বান জানিয়েছেন। গতকাল রোববার রাজধানীতে রাজনৈতিক নেতাদের সম্মানে বাংলাদেশ জনদল আয়োজিত ইফতার মাহফিলে ডা. বি চৌধুরী বলেন, যেহেতু খালেদা জিয়া তিনবার প্রধানমন্ত্রী এবং বিরোধীদলের নেতা ছিলেন। সুতরাং অন্য বিবেচনা বদলিয়ে শুধু রাজনৈতিক ও সামাজিক বিবেচনায় তার সঠিক চিকিৎসা হওয়া উচিত। তবে, আওয়ামীলীগের সভাপতি মণ্ডলীর সদস্য এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোঃ নাসিম বলেছেন বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার চিকিৎসা সেবা নিয়ে রাজনীতি করার কোন সুযোগ নেই। তাকে অত্যন্ত গুরুত্ব ও মর্যাদার সঙ্গে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে। উল্লেখ্য দুর্নীতি দমন কমিশনের দায়ের করা জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় গত ৮ই ফেব্রুয়ারি মাসে খালেদা জিয়াকে ৫ বছরের কারাদণ্ড দেন ঢাকার বিশেষ জজ আদালত-৫ এর বিচারক ডা. আক্তারুজ্জামান। ঐ দিনই তাকে কারাগারে নেওয়া হয়।(রেডিও তেহরান: ২০:৩৫ঘ.১১/০৬/১৮এলিনা/কোহিনূর)

রেডিও টুডে

সরকারের ধারাবাহিকতা না থাকলে উন্নয়ন হয় না: প্রধানমন্ত্রী

সরকারের ধারাবাহিকতা না থাকলে উন্নয়ন হয় না উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, স্বাধীনতা বিরোধী ও খুনীরা ক্ষমতায় ফিরলে দেশ রসাতলে যাবে। স্থানীয় সময় রবিবার কানাডার টরেন্টোর মেট্রো কনভেনশন সেন্টারে কানাডা আওয়ামী লীগের দেয়া সংবর্ধনা অনুষ্ঠানে তিনি একথা বলেন। একইদিন সকাল সাড়ে ১১টায় কুইবেকের হোটেল সেটো ফতেনইকে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সাথে দ্বিপাক্ষিক বৈঠক করেন শেখ হাসিনা। এই সময় বঙ্গবন্ধুর খুনী নূর চৌধুরীকে ফিরিয়ে দিতে কানাডার সরকারের প্রতি আহ্বান জানান বঙ্গবন্ধু কন্যা।

(রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১১/০৬/১৮ প্রতীক/আলি)

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস আজ

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস আজ। দীর্ঘ প্রায় ১১ মাস কারাভোগের পর ২০০৮ সালের ১১ই জুন সংসদ ভবন চত্বরে স্থাপিত বিশেষ কারাগার থেকে মুক্তি পান তিনি। সেনা সমর্থিত ওয়ান এলেভেনের তত্ত্বাবধায়ক সরকারের সময় ২০০৭ সালের ১৬ই জুলাই গ্রেফতার হন বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

(রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১১/০৬/১৮প্রতীক/আলি)

বিচারিক আদালতকে হাইকোর্টের নির্দেশ

বিশেষ ক্ষমতা আইনে কুমিল্লার চৌদ্দগ্রাম থানায় দায়ের করা মামলায় বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার জামিন আবেদন দ্রুত নিষ্পত্তির জন্য বিচারিক আদালতকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। দুপুরে বিচারপতি মোঃ শওকত হোসেনের নেতৃত্বাধীন হাইকোর্টের দ্বৈত বেঞ্চ এই আদেশ দেন। এর আগে নাশকতার অভিযোগে কুমিল্লায় দায়ের করা বিশেষ ক্ষমতা আইনের মামলায় জামিন চেয়ে খালেদা জিয়ার আবেদনের উপর গত ৭ই জুন শুনানি শুরু হয়। কুড়ি দলীয় জোটের অবরোধ চলাকালে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের চৌদ্দগ্রামে বাসে দুষ্কৃতিকারীদের ছোঁড়া পেট্রোল বোমার ঘটনায় ২০১৫ সালের ৩ ফেব্রুয়ারি পুলিশ বাদী হয়ে মামলাটি দায়ের করে।

(রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১১/০৬/১৮প্রতীক/আলি)

আসিফ আকবরের জামিন মঞ্জুর

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের মামলায় জনপ্রিয় সঙ্গীত শিল্পী আসিফ আকবরের জামিন মঞ্জুর করেছেন আদালত। সকালে ঢাকার অতিরিক্ত মুখ্য মহানগর হাকিম কেশব রায় চৌধুরী শুনানি শেষে আসিফের জামিন মঞ্জুর করেন। গত ৫ই জুন দিবাগত রাত দেড়টার দিকে রাজধানীর তেজগাঁও থানায় শিল্পী ও সুরকার শফিক তুহিনের করা মামলায়

আসিফ আকবরকে গ্রেফতার করে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ, সিআইডি। মামলাটিতে আসিফ আকবর ছাড়াও আরও ৪-৫জন অজ্ঞাত আসামী রয়েছে। মামলায় অভিযোগ আনা হয় আসিফ আকবর অনুমতি ছাড়া শফিক তুহিনসহ অন্যান্য গীতিকার ও সুরকারের ও শিল্পীর ৬১৭টি গান বিক্রি করেছেন।
(রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১১/০৬/১৮ প্রতীক/আলি)

বেশ স্বস্তিতেই বাড়ি যাচ্ছেন নগরবাসী

রেলে ঈদ যাত্রার দ্বিতীয় দিনেও বেশ স্বস্তিতেই বাড়ি যাচ্ছেন নগরবাসী। পাশাপাশি বাস ও লঞ্চেও বাড়ি ফিরছেন অনেকে। (রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১১/০৬/১৮ প্রতীক/আলি)

সর্বত্রই রয়েছে বিপুল সংখ্যক ক্রেতার সমাগম

ঈদ উপলক্ষে রাজধানীর অভিজাত বিপণী বিতান থেকে শুরু করে সাধারণ মার্কেট, সর্বত্রই রয়েছে বিপুল সংখ্যক ক্রেতার সমাগম। শেষ মুহূর্তের ঈদ কেনা কাটায় ব্যস্ত সময় পার করছেন তারা।
(রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১১/০৬/১৮ প্রতীক/আলি)

যাচাই-বাছাইয়ের মাধ্যমে এমপিও করা হবে: শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানিয়েছেন, নন-এমপিওভুক্ত বিদ্যালয়গুলো থেকে যাচাই-বাছাইয়ের মাধ্যমে এমপিও করা হবে। এ বিষয়ে বাজেটে বরাদ্দ না থাকলেও এতে কোন সমস্যা হবে না। এর জন্য বিদ্যালয়ের শিক্ষকদের কোন রকম আন্দোলনে না গিয়ে ধৈর্য্য ধরার আহ্বান জানান তিনি। দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের সাথে আলাপকালে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। (রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১১/০৬/১৮ প্রতীক/আলি)

পৃথক দু'টি বন্দুকযুদ্ধে দু'জন নিহত

রাজধানীর ভাটারা এবং সিরাজগঞ্জ পৌরসভার রায়পুরে বন্দুকযুদ্ধে দু'জন নিহত হয়েছে। গতরাতে গোয়েন্দা পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে তারা নিহত হয়। সিরাজগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার আবু ইউসুফ দাবি করেছেন জেলার রায়পুর রেল স্টেশন এলাকায় নিহত শাহিন শেখ একজন তালিকাভুক্ত মাদক ব্যবসায়ী। তার বিরুদ্ধে একাধিক মাদক মামলা রয়েছে। এছাড়া, রাজধানীতে নিহত শরিফুল ইসলামও মাদক ব্যবসায়ী ছিলেন বলে দাবি করেছে ডিবি।
(রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১১/০৬/১৮ প্রতীক/আলি)

তিনি কখনও জাতীয় পার্টির মন্ত্রী ছিলেন না বলে দাবি অর্থমন্ত্রীর

অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত বলেছেন, তিনি কখনও জাতীয় পার্টির মন্ত্রী ছিলেন না। তিনি ছিলেন এইচ এম এরশাদের সামরিক সরকারের মন্ত্রী। বলেন জাতীয় পার্টির সংসদ সদস্যরা ভবিষ্যতে তাকে জাতীয় পার্টির সাবেক মন্ত্রী বললে তিনি যথাযথ ব্যবস্থা নিবেন। আজকে জাতীয় সংসদে বিদায়ী ২০১৭-২০১৮ অর্থবছরের সম্পূরক বাজেটের উপর সমাপনী আলোচনায় অর্থমন্ত্রী এসব কথা বলেন। এর আগে জাতীয় পার্টির সদস্য সেলিম উদ্দিন অর্থমন্ত্রীকে জাতীয় পার্টির সাবেক মন্ত্রী হিসেবে উল্লেখ করে বক্তব্য দেন। (রেডিও টুডে:১৮:৪৫ঘ.১১/০৬/১৮রিহাব/আশরাফ)

খালেদা জিয়া রাজি থাকলে তাকে বিএসএমএমইউতে চিকিৎসার জন্য নেয়া হবে : আইজিপি প্রিজন

কারাবন্দী বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া রাজি থাকলে চিকিৎসার জন্য আগামীকাল তাকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় নেয়া হবে বলে জানিয়েছেন, আইজিপি প্রিজন বিগ্রেডিয়ার জেনারেল ইফতেখার উদ্দীন। দুপুরে কারা সদর দপ্তরে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি একথা জানান। এরপর বেলা সাড়ে তিনটার দিকে কারাগারে বেগম খালেদা জিয়ার সঙ্গে দেখা করে তার চিকিৎসা নিয়ে কথা বলেছেন আইজিপি প্রিজন।
(রেডিও টুডে: ১৮:৪৫ ঘ. ১১/০৬/১৮ সাইফুর/আশরাফ)

সরকার খালেদা জিয়ার চিকিৎসা নিয়ে ষড়যন্ত্র ও অমানবিক আচরণ করছে : মওদুদ আহমেদ

সরকার বেগম খালেদা জিয়ার চিকিৎসা নিয়ে ষড়যন্ত্র, অবহেলা ও অমানবিক আচরণ করছে বলে অভিযোগ করেছেন বিএনপি'র স্থায়ী কমিটির সদস্যে ব্যারিস্টার মওদুদ আহমেদ। দুপুরে নোয়াখালীর কোম্পানীগঞ্জে নিজ বাসভবনে এক সাংবাদিক সম্মেলনে তিনি আরও বলেন, বেগম জিয়ার স্বাস্থ্যর কোন অবনতি ঘটলে এর দায়ভার পুরো সরকারকে নিতে হবে। (রেডিও টুডে: ১৮:৪৫ ঘ. ১১/০৬/১৮সাইফুর/আশরাফ)

চট্টগ্রামে ভূমি ধসের আশঙ্কায় ৪৯০টি পরিবারকে সরিয়ে নিয়েছে জেলা প্রশাসন

ভারি বর্ষণে ভূমি ধসের আশঙ্কায় চট্টগ্রামে পাহাড়ে ঝুকিপূর্ণভাবে বসবাসকারী ৪৯০টি পরিবারকে সরিয়ে নিয়েছে জেলা প্রশাসন। জেলা প্রশাসনের একাধিক টিম সকাল থেকে অভিযান চালিয়ে নগরীর সাত থেকে আটটি পাহাড় থেকে এসব পরিবারকে সরিয়ে নেয়। এর মধ্যে যাদের অন্যত্র যাওয়ার সুযোগ নেই তাদেরকে পাহাড়ী এলাকার কাছাকাছি সাতটি প্রাইমারী স্কুলে আশ্রয় নিতে বলা হয়েছে। এদিকে আজ বেলা তিনটা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় চট্টগ্রামে ২২৯ মি. মি.

বৃষ্টিপাত রেকর্ড করেছে পতেঙ্গা আবহাওয়া অধিদপ্তর। ভারী বর্ষণ ও দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে চট্টগ্রাম বন্দরে পণ্য খালাস ব্যহত হচ্ছে। (রেডিও টুডে: ১৮:৪৫ ঘ. ১১/০৬/১৮সাইফুর/আশরাফ)

খালেদা জিয়াকে আজ BSMMU-তে নেয়া হতে পারে

কারাবন্দী বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া রাজি থাকলে চিকিৎসার জন্য আজ তাকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে নেয়া হবে বলে জানিয়েছেন কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ ইফতেখার উদ্দীন আহমেদ। দুপুরে কারা দপ্তরে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি একথা বলেন। বেগম জিয়া কারাগারে পড়ে গিয়ে অজ্ঞান হয়ে গিয়েছিলেন বিএনপি নেতাদের এমন বক্তব্য সঠিক নয় দাবি করে তিনি বলেন, বিএনপি নেত্রী কিছুটা ভারসাম্য হারিয়েছিলেন, তবে তিনি অজ্ঞান হয়ে যাননি। (রেডিও টুডে: ০৮৪৫ঘ. ১২/০৬/১৮ আছাদ/নারগীস)

বিএনপি মামা বাড়ির আবদার করছে: ওবায়দুল কাদের

নির্বাচনে অংশ নেয়ার শর্ত হিসাবে খালেদা জিয়ার মুক্তির যে দাবি বিএনপি তুলেছে তাকে মামা বাড়ির আবদার বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। গতকাল সন্ধ্যায় রাজধানীর লেডিস ক্লাবে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন।
(রেডিও টুডে: ০৮৪৫ঘ. ১২/০৬/১৮আছাদ/নারগীস)

প্রধানমন্ত্রী আজ দেশে ফিরবেন

জি-সেভেন আউটরিচ সম্মেলনে যোগ দিয়ে কানাডায় চারদিনের সফর শেষে আজ রাতে দেশে ফিরবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর আগে বাংলাদেশ সময় গত রাতে টরেন্টোর আন্তর্জাতিক বিমানবন্দর থেকে এ্যামিরেটস এয়ারলাইন্সের ফ্লাইটে দেশের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন তিনি। বিমানবন্দরে তাকে বিদায় জানান কানাডায় বাংলাদেশের হাইকমিশনার মিজানুর রহমান ও কানাডার পররাষ্ট্র মন্ত্রণালয়ের পরিচালক জনাথন সুভে। এর আগে কানাডার স্থানীয় সময় রবিবার টরেন্টোর মেট্রো কনভেনশন সেন্টারে কানাডা আওয়ামী লীগের দেয়া সংবর্ধনা অনুষ্ঠানে সরকারের ধারাবাহিকতা না থাকলে উন্নয়ন হয় না উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, স্বাধীনতা বিরোধী ও খুনীরা ক্ষমতায় ফিরলে দেশ রসাতলে যাবে। এসময় বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সাজাকে আদালতের বিষয় হিসেবে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এতে সরকারের কিছু করার নেই। একইদিন কুইবেকে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সাথে তার বাসভবনে দ্বিপাক্ষিক বৈঠক করেন শেখ হাসিনা। এসময় বঙ্গবন্ধুর খুনি নূর চৌধুরীকে ফিরিয়ে দিতে কানাডা সরকারের প্রতি আহ্বান জানান বঙ্গবন্ধু কন্যা।
(রেডিও টুডে: ০৮৪৫ঘ. ১২/০৬/১৮ এলিনা/নারগীস)

[মনিটরিং পরিদপ্তর প্রকৌশল শাখা ভয়েস অফ আমেরিকার (ভোয়া) রেকর্ডিং সরবরাহ করতে না পারায় ও রেডিও এবিসি (অস্পষ্ট) হওয়ায় (Online পাওয়া যায়নি বিধায়) ভোয়া, এবিসি মনিটর করা সম্ভব হয় নাই]

BBC

TRUMP AND KIM TO MEET SHORTLY

President Trump says that the World will know soon enough whether a real deal between United States and North Korea can happen. Tweeting shortly before his historic summit in Singapore with the North Korean leader Kim Jong Un Mr. Trump said that Staff level meetings between Washington and Pyongyang were going will. Mr. Trump and Mr. Kim set down together in a few hour times on the tourist island of Sentosa. They will become the first sitting US and North Korea leaders to meet.
(BBC: 06:00 hrs. 12-05-18 Zoha/Helal)

FORMER PRESIDENT EXTRADITED TO HIS HOME COUNTRY

The former President of Panama Ricardo Martinali has been extradited from the United States to his home country to face charges of corruption and illegal were taping. Mr. Martinez is accused of monitoring the phone calls of more than a hundred people including politicians and journalists.
(BBC: 06:00 hrs.12-06-18 Zoha/Helal)

TRUMP RENEWS HIS ATTACKS ON ALLIES

US President Donald Trump has renewed his attacks on American’s closest allies following the divisive G-7 summit in Canada at the weekend. In a tring of angry

tweets Mr. Trump said the US paid close to the entire cost of NATO to help protect the countries. G-7 allies criticised Mr. Trump's decesion to reject a joint communique. (BBC: 06:00 hrs. 12-05-18 Zoha/Helal)

CEASEFIRE COMES INTO EFFECT IN AFGHANISTAN

A week long ceasefire by the Afghan government in its fight against the Taliban has come into effect. President Ashraf Ghani had instructed all the security forces to halt operations against Taliban fighters. Taliban said it would also honour the three day ceasefire over the Muslim holiday of Eud at the end of this week.
(BBC: 06:00 hrs. 12-05-18 Zoha/Helal)

US OFFERS SECURITY GURANTEE TO N.KOREA

The American Security of State Mike Pompew says, the US is prepared to offer unique security guarantees to convince North Korea that it is safe to give up its nuclear capability. Speaking ahead of President Trump's summit with the North Korean leader Kim Jung Un Mr. Pompio said, the President was determined to avoid what he called the frenzy agreements of the past.
(BBC: 21:00 hrs. 11-05-18 Zoha/Helal)

THOUSANDS PROTEST IN A TOWN IN ETHIOPIA

Thousands of people have held a protest in Badma a small town that was the focus of a border war between Ethiopia and Eritrea. Last week Ethiopia agreed to accept a 2002 decision by a border commission which awarded Padma to Eritrea. The Ethiopian demonstrators held placards denouncing the goverment decision to abide by the ruling. (BBC: 21:00 hrs. 11-05-18 Zoha/Helal)

TANZANIA SHUTS A WEBSITE

The Tanzanian authorities have ordered a popular whistle blowing website to shut down. It accused the site of failing to comply with new regulations governing online content. Zameen Forum was known the Saheli wikileaks.
(BBC: 21:00 hrs. 11-05-18 Zoha/Helal)

THREE MILITANTS ARRESTED IN MOZAMBIQUE

The government of Mozambique says, three members of an Islamist militant group known locally as Al Shabab have been captured. On a visit to Kabu Dogan province where there has been several Jihadist attack the Interior Minister Basilio Mantero promised to deploy more police and military. He said, with the help of information from local communities the attacks could be stopped.
(BBC: 21:00 hrs. 11-05-18 Zoha/Helal)

FIVE PEOPLE DIE IN FEVER IN KENYA

Five people have died of rift valley fever in Keneya in the past week. It is the first re-emergence of the disease since a outbreak a decade ago which killed more than two hundred people. The latest cases were all in the northeastern country of wazia. The viral desease is mainly spread to humans through contact with blood or meat of infected animal. (BBC: 21:00 hrs. 11-05-18 Zoha/Helal)

SPAIN TO TAKE IN STRANDED MIGRANTS

Spain's Prime Minister has said, the country will take in a rescue ship stranded in the Mediterranean to help avoid a humanitarian disaster. Pedro Sanchez said, he would give safe harbour to the Aquaries and the 629 people on board after Italy and Malta both rrefused to let the ship lock. The UN refugee agency has called for a swift end to the stand off between the two countries. (BBC: 21:00 hrs. 11-05-18 Zoha/Helal)

NORTH KOREA EYES NEW RELATIONSHIP WITH US

North Korean state media have raised the possibility that the isolated country could establish a new relationship with the United States. It comes a day before North Korean leader Kim Jong Un meets US President Donald Trump for historic talks. The

comments mark a shift in tone from North Korea after decades of animosity towards the US. (BBC: 17:00 hrs. 11-05-18 Protik/Helal)

ITALY SHUTS PORTS TO MIGRANT RESCUE SHIP

A rescue ship carrying 629 migrants is stranded in the mediterranean after Italy's new interior minister refused Permission for it to dock. Matteo Salvini leader of the right wing league Party promised during Italy's recent general election to take a tough stance against migration. He says Malta should accept the aquaries but it reffered arging that it fallen under Italy's jouridiction.
(BBC: 21:00 hrs. 11-05-18 Zoha/Helal)

::THE END::